



ফিফার পাওয়ার র্যাংকিংয়ে সবার ওপরে লিওনেল মেসি



লিওনেল মেসি। ছবি: সংগৃহীত

বিশ্বকাপের প্রথম রাউন্ডের ম্যাচ শেষে ফিফার অফিসিয়াল পাওয়ার র্যাংকিংয়ে সবার ওপরে জায়গা করে নিয়েছেন আর্জেন্টিনার অধিনায়ক লিওনেল মেসি।

আলজেরিয়ার বিপক্ষে মাঠ মাতানো পারফরম্যান্সের পর বিশ্ব ফুটবলের নিয়ামক সংস্থার এই তালিকায় শীর্ষস্থান দখল করলেন এই মহাতারকা।

খেলোয়াড়দের আক্রমণ, সৃজনশীলতা ও রক্ষণাত্মক অবদান—এই তিন বিভাগের ডাটা বিশ্লেষণ করে পারফরম্যান্স সূচক তৈরি করে ফিফা। যেখানে আক্রমণভাগে ১০-এর মধ্যে ৮.১৩ রেটিং পেয়ে সবার শীর্ষে আছেন এলএমটেন। তালিকায় ৭.৭৪ রেটিং নিয়ে দ্বিতীয় স্থানে নিউজিল্যান্ডের ফরোয়ার্ড ইলাইজাহ জাস্ট এবং ৭.৪৭ রেটিং পেয়ে তৃতীয় অবস্থানে রয়েছেন আইভরি কোস্টের আমাদ দিয়ালো।

আলজেরিয়ার বিপক্ষে আর্জেন্টিনার ৩-০ ব্যবধানের জয়ে তিনটি গোলই আসে মেসির পা থেকে। ম্যাচের ১৭, ৬০ ও ৭৬ মিনিটে লক্ষ্যভেদ করে আন্তর্জাতিক ক্যারিয়ারের ১১তম হ্যাটট্রিক তুলে নেন তিনি। একই সাথে এটি বিশ্বমঞ্চে আর্জেন্টাইন অধিনায়কের প্রথম হ্যাটট্রিক।

এই হ্যাটট্রিকের ওপর ভর করে বিশ্বকাপে মেসির মোট গোলসংখ্যা এখন ১৬। এর মাধ্যমে তিনি জার্মানির কিংবদন্তি স্ট্রাইকার মিরোস্লাভ ক্লোসার পাশে নাম লেখালেন। ফুটবল বিশ্বকাপের ইতিহাসে সর্বোচ্চ গোলদাতার রেকর্ডে এখন যৌথভাবে রাজত্ব করছেন ক্লোসা ও মেসি।